



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ
১৩২ নিউ ইন্সটন, ঢাকা-১০০০
www.bnswc.gov.bd

নং-৪১.০৩.০০০০.০৮১.৩২.০৫৭.১৮- ৬৩০

তারিখ : ০৮ আশ্বিন ১৪২৫
২৩ সেপ্টেম্বর ২০১৮

স্বৈচ্ছাসেবী সমাজকল্যাণ প্রতিষ্ঠানসমূহে অনুদানের বিজ্ঞপ্তি

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ কর্তৃক প্রতিবছরের ন্যায় ২০১৮-২০১৯ অর্থবছরে স্বৈচ্ছাসেবী সমাজকল্যাণ প্রতিষ্ঠানসমূহের অনুকূলে এককালীন আর্থিক অনুদান বিতরণের জন্য আবেদন আহবান করা যাচ্ছে :-

২। আবেদন যেখানে জমা দিতে হবে এবং আবেদন জমা দেয়ার শেষ তারিখ :

প্রতিষ্ঠানের ধরন	আবেদন যেখানে জমা দিতে হবে	আবেদন ফি ও ফরম নং	আবেদন জমা দেয়ার শেষ তারিখ
ক) জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠানের অনুদান	নির্বাহী সচিব, জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ১৩২ নিউ ইন্সটন, ঢাকা-১০০০	৫০০/- (পাঁচশত) টাকা ফরম- 'ক'	৩১ অক্টোবর, ২০১৮ তারিখের মধ্যে
খ) রোগীকল্যাণ সমিতির অনুদান	সংশ্লিষ্ট উপজেলা সমাজসেবা কার্যালয়/ শহর সমাজসেবা কার্যালয়	১০০/- (একশত) টাকা ফরম- 'খ'	সংশ্লিষ্ট কার্যালয়ে আবেদন জমা দিতে হবে।
গ) শহর সমাজ উন্নয়ন প্রকল্প পরিষদের অনুদান	সংশ্লিষ্ট উপজেলা সমাজসেবা কার্যালয়/ শহর সমাজসেবা কার্যালয়	১০০/- (একশত) টাকা ফরম- 'খ'	আবেদন ফি বাবদ নির্ধারিত অর্থ আবেদন জমা দেয়ার সময়
ঘ) অপরাধী সংশোধন ও পুনর্বাসন সমিতির অনুদান	সংশ্লিষ্ট উপজেলা সমাজসেবা কার্যালয়/ শহর সমাজসেবা কার্যালয়	১০০/- (একশত) টাকা ফরম- 'খ'	নগদ পরিশোধ করতে হবে।
ঙ) সাধারণ স্বৈচ্ছাসেবী প্রতিষ্ঠানের অনুদান	সংশ্লিষ্ট উপজেলা সমাজসেবা কার্যালয়/ শহর সমাজসেবা কার্যালয়	১০০/- (একশত) টাকা ফরম- 'গ'	

৩। আবেদন করার যোগ্যতা :

স্বৈচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (রেজিস্ট্রেশন ও নিয়ন্ত্রণ) অধ্যাদেশ, ১৯৬১ ও স্বৈচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (রেজিস্ট্রেশন ও নিয়ন্ত্রণ) বিধি, ১৯৬২ অনুযায়ী নিবন্ধিত সক্রিয় এবং সমাজকল্যাণ কাজে অবদান রাখছে এমন স্বৈচ্ছাসেবী সমাজকল্যাণ প্রতিষ্ঠান।

৪। আবেদনের সাথে যে সকল কাগজপত্র সংযুক্ত করতে হবে :

ক) বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ কর্তৃক নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। পরিষদের ওয়েব সাইট হতে আবেদন ফরম ডাউনলোড করা যাবে (পরিষদের ওয়েব সাইট : www.bnswc.gov.bd)। আবেদন ফরমের ফটোকপিও ব্যবহার করা যাবে।


খ) হালনাগাদ কার্যকরী কমিটির তালিকা

গ) কার্যকরী কমিটি কর্তৃক অনুমোদিত বিগত ৩(তিন) বছরের আয়-ব্যয়ের হিসাব ও কার্যক্রমের বিবরণী

ঘ) নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধন সনদের কপি

ঙ) বিগত বছরের নিরীক্ষা প্রতিবেদন।

নির্ধারিত তারিখের মধ্যে আবেদন ফরম পূরণপূর্বক প্রয়োজনীয় তথ্যাদি ও কাগজপত্রসহ সংশ্লিষ্ট কার্যালয়ে জমা দিতে হবে। নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত কোন আবেদন গ্রহণযোগ্য হবে না। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


(মো: সিরাজুল ইসলাম)
নির্বাহী সচিব
(অতিরিক্ত সচিব)
ফোন: ৯৩৪৮১২৫
e-mail : bnswcbd@gmail.com